

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-৫৮৯

তারিখঃ ৩১/০৫/২০১৮খ্রিঃ
সময়ঃ দুপুর ২.০০টা

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্রবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ৩১ মে/২০১৮ খ্রিঃ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস: রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘণ্টায় ৬০-৮০ কিমি বেগে অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহকে ২ নম্বর (পুনঃ) ২ নম্বর নৌ-ইশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে। এছাড়া দেশের অন্যত্র একই দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কিমি বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর নৌ-ইশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ী দমকা হাওয়া ও বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষন হতে পারে।

তাপপ্রবাহঃ খুলনা, সাতক্ষীরা, যশোর, ঢাকা ও কিশোরগঞ্জ অঞ্চলসমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা প্রশমিত হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা (১-৩) ডিগ্রী সেঃ হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে

পরবর্তী ৭২ ঘণ্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন)ঃ দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু টেকনাফ উপকূল পর্যন্ত অগ্রসর হতে পারে এবং বৃষ্টি/বজ্র বৃষ্টি অব্যাহত থাকতে পারে।

গত ২৪ ঘণ্টার উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গতকাল সকাল ৯.০০টা থেকে আজ সকাল ৯.০০টা পর্যন্ত) :

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
বগুড়া	৮৫.০	শেরপুর-সিলেট	৮০.০
ঢাকা	৬১.০	হবিগঞ্জ	৭৭.০
ভাগ্যকুল	৬৭.৮	ভৈরববাজার	৬২.০

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৭.১	৩৫.২	৩৫.৭	৩৫.৫	৩৬.০	৩৫.৫	৩৬.৭	৩৫.৪
সর্বনিম্ন তাপমাত্রা	২১.৫	২৩.৭	২২.৭	২৩.৭	২২.১	২৪.২	২৩.৬	২৬.০

দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা: সর্বোচ্চ তাপমাত্রা নিকলি ৩৭.১° এবং সর্বনিম্ন তাড়াশ ২২.১° সেঃ।

নদ-নদীর সর্বশেষ অবস্থা:

পর্ববেক্ষণাধীন পানি সমতল স্টেশন	৯৪	অপরিবর্তিত	০৫
বৃষ্টি	৪৮	তথ্য পাওয়া যায় নাই	০৬
হ্রাস	৩৫	বিপদসীমার উপরে	০

অদ্য দেশের সকল নদ-নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র — যমুনা, গঙগা-পদ্মা এবং দক্ষিণ-পূর্ব পাহাড়ী অঞ্চলের নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- উত্তর-পূর্বাঞ্চলে আপার মেঘনা অববাহিকার প্রধান নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে।
- ব্রহ্মপুত্র — যমুনা এবং ঢকার আশেপাশের নদ নদীসমূহের পানি সমতল বৃদ্ধি আগামী ৪৮ ঘণ্টায় অব্যাহত থাকতে পারে।

৩১/০৫/১৮
২০১৮

